

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/১৫ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১১৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'বাংলাদেশ পরিকল্পনা কমিশন' নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিশনের গঠন :

(১) প্রধানমন্ত্রী	:	চেয়ারপারসন
(২) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	:	বিকল্প চেয়ারপারসন
(৩) মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	:	ভাইস চেয়ারপারসন
(৪-৯) পরিকল্পনা কমিশনের সদস্যগণ	:	সদস্য
(১০) সচিব, পরিকল্পনা বিভাগ	:	সদস্য-সচিব

(খ) কমিশনের কার্যপরিধি :

- (১) রুলস্ অব বিজনেস, ১৯৯৬ এর সিডিউল-১ এ বর্ণিত পরিকল্পনা মন্ত্রণালয়ের অন্তর্গত পরিকল্পনা কমিশনের জন্য নির্ধারিত কার্যাবলি;
- (২) চেয়ারপারসন, বাংলাদেশ পরিকল্পনা কমিশন-এর সভাপতিত্বে অনুষ্ঠেয় সভায় নিম্নলিখিত কার্যাবলিও সম্পন্ন হবে-
 - (২.১) দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা;
 - (২.২) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচি চূড়ান্তকরণ;

(১৪৪৭৩)

মূল্য : টাকা ৪.০০

- (২.৩) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান;
- (২.৪) পরিকল্পনা বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত গুরুত্বপূর্ণ বিষয়াবলি; ও
- (২.৫) পরিকল্পনার গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়াবলি সম্পর্কে আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্য দূরীকরণ।
- (গ) প্রয়োজনে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভা করা যাবে এবং নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হবে-
- (১) মন্ত্রিপরিষদ সচিব;
 - (২) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব/সচিব;
 - (৩) সচিব, অর্থ বিভাগ;
 - (৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ;
 - (৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
 - (৬) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ; ও
 - (৭) গুরুত্বপূর্ণ আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্যের ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধি/প্রতিনিধিগণ।
- এ কমিশনে 'সচিব' বলতে সিনিয়র সচিব ও ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।
- (ঘ) কমিশনের বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (ঙ) পরিকল্পনা বিভাগ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ফারুক আহমেদ
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)